চুয়াডাঙ্গায় করোনায় আক্রান্ত ৩

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা অনেকটাই কম। করোনার ভয়াল পরিস্থিতি কিছুটা কাটিয়ে উঠেছে চুয়াডাঙ্গা। বৃহস্পতিবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৩ জন। চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন।

গত ২৪ ঘন্টায় নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৪২ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ বৃহস্পতিবার ৪২ জনের নমুনা সংগ্রহ করেছে । এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৭ হাজার ২১৮ জন।

এ দিকে ১১০ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৮ হাজার ৩৪৬ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ৩ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৪২ জনে।
বৃহস্পতিবার নতুন করে কেও সুস্থ হয়নি । জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৪৮৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ৮ জন আর বাড়িতে আছেন ১৩৬ জন। নতুন যে ৩ জন করোনা শনাক্ত হয়েছেন তার ভিতরে চুয়াডাঙ্গা সদর উপজেলার ২ জন এবং দামুড়হুদা উপজেলায় ১ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৪.৩৫ শতাংশ।

কোটচাঁদপুরে দশম শ্রেণীর ছাত্রীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোছাঃ পান্না খাতুন (১৫) নামে দশম শ্রেণীর এক স্কুল শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে পৌর শহরের সলেমানপুর দফাদার পাড়ায় এঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। শিক্ষার্থী পান্না ওই গ্রামের মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে।

বিষয়টি নিশ্চিত করে থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান জানান, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী সলেমানপুর গ্রামের দফাদার পাড়ার মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে পান্না খাতুন নিজের ঘরে বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে অভিমান করে ঘরের বাশেঁর সাথে গলায় রশি দিয়ে ফাঁস দেয়।

এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এসময় তার বাবা-মা পান্নার নানা বাড়ি পার্শ্ববর্তী উপজেলা মহেশপুরে ছিল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়।

প্রাথমিকভাবে পুলিশের ধারনা প্রেম ঘটিত কারনে আত্মহত্যা করতে পারে। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

গাংনীতে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল আটক

মেহেরপুর গাংনী উপজেলার সিন্দুর কৌটা গ্রামে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম অভিযান চালিয়ে ৫০ পিচ

ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে। বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে সিন্দুর কৌটা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত কামাল হোসেন সিন্দুর কৌটা গ্রামের লুৎফর রহমানের ছেলে। ও কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইন্সপেক্টর আব্দুল মান্নান জানান, গাংনী উপজেলার সিন্দুর কৌটা এলাকায় মাদক নিয়ে অবস্থান করছে গোপন সংবাদের ভিত্তিতে সাব-ইন্সপেক্টর খসরু আল মামুন এর নেতৃত্বে অভিযান চালিয়ে কামাল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।এ সময় তার কাছ থেকে ৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আসামী কামালের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলার প্রস্তুতি চলছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ‘কামাল হোসেন এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক, অস্ত্র, বিস্ফোরক, চুরি, ডাকাতী ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে ডর্জনখানেক মামলা রয়েছে।

জীবননগরে মোবাইল কোর্টে ৩ চাউল ব্যবসায়ীর জরিমানা

জীবননগরে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩চাউল ব্যবসায়ীকে ৩৫হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে।গতকাল বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মোবাইল কোর্ট সুত্রে জানা গেছে,জীবননগর বাজারে বেশ কিছু ব্যবসায়ী চটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা ব্যবহার করছে এ তথ্যর ভিক্তিত্বে জীবননগর উপজেলার পিয়ারাতলায় মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স সততা ট্রেডার্সকে ১০হাজার টাকা,দেশ বাংলা অটো রাইচ মিলকে ২০হাজার টাকা এবং প্রধান এগ্রোকে ৫হাজার টাকা জরিমানা আদায় করেন।এবং সকল মিল মালিক ও চাউল ব্যবসায়ীদের সর্তক করেন ।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে হাসানুজ্জামান লাল্টুর গনসংযোগ অব্যাহত

আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে নৌকার মনোনয়ন প্রত্যাশী উপজেলা আওয়ামীলীগের একজন সাধারন কর্মী, অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টু গনসংযোগ অব্যাহত রেখেছেন।
তারই ধারবাহিকতায়
বৃহস্প্রতিবার বিকাল থেকে শুরু করে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস,জয়পুর,তারানগর গ্রামে গনসংযোগ করেন।
এর আগে কেদারগন্জ বাজার প্রাঙ্গন থেকে আনন্দবাস বাজার প্রযন্ত মটরসাইকেল র্যালী করা হয়।
তিনি এই প্রথমবার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসাবে নির্বাচন করার লক্ষে নৌকার মনোনয়নের প্রত্যাশায় এ গনসংযোগ করেন।
এ সময় সাধারন জনগনের দোয়ারে গিয়ে গিয়ে সকলের দোয়া কামনা করেন তিনি।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে

প্রবাসির স্ত্রীর আত্নহত্যা

গাংনীর পশ্চিম মালসাদহ গ্রামে নুপুর খাতুন (২৩) নামের এক প্রবাসির স্ত্রীর লাশ ঝলন্তাবস্থায় উদ্ধার করেছে পুলিশ। নুপুর খাতুন পশ্চিম মালসাদহ গ্রামের ব্র্যাক অফিসপাড়ার বাসিন্দা ও বাহরাইন প্রবাসি হাবিবুর রহমানের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে গাংনী থানা পুলিশের একটি টিম নুপুরের মরদেহ উদ্ধার করে।
স্থানীয়রা জানান নুপুরের শয়ন কক্ষের ভিতর থেকে তালাবদ্ধ দেখে তার শাশুড়ি ও পরিবারের অন্যান্য সদস্য তাকে ডাকতে থাকেন। নুপুরের কোন সাড়া না পেয়ে ঘরের দরজা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে নুপুরকে ঝুলন্তাবস্থায় দেখতে পায়। পরিবারের লোকজন নুপুরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরী বিভাগের মেডিকেল অফিসার তাকে মৃত ঘোষনা করেন।

পুলিশ জানায়, মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের মেয়ে নুপুর খাতুনের সাথে পশ্চিম মালসাদহ গ্রামের হাবিবুর রহমানের সাথে ৬ বছর পূর্বে বিয়ে হয়। বিয়ের এক বছর পর তাদের সংসারে একটি সন্তান আসে। এরপর হাবিবুর সংসারে সচ্ছলতা আনতে বাইরাইনে যান।সেখান থেকে মেবাইলে হাবিবুরের সাথে স্ত্রী নুপুরের নানা কারণে কয়েকবার ঝগড়া হয়। স্বামীর উপর অভিমানে সে আত্মহত্যা করেছেন বলে প্রাথীমক ধারনা পুলিশের। গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি তদন্ত শেষে ঘটনার আরো বিস্তারিত বলা যাবে ।

দেশজুড়ে ৩০টি শহরে চালু হচ্ছে বিশেষজ্ঞ ভিডিও ডাক্তার বুথ

ডিজিটাল হেলথকেয়ার সলিউশান্সের (ডিএইচ) ব্র্যান্ড এবং স্বাস্থ্যখাতে ডিজিটাল সেবাদানে অগ্রণী প্রতিষ্ঠান ডিজিটাল হসপিটাল গ্রামীণ অঞ্চলে চালু করছে ৩০টি বিশেষজ্ঞ ডাক্তার বুথ।

থেকেই বিশেষ ছাড়ে করাতে পারবেন।

চলমান বৈশ্বিক মহামারির কারণে রোগী ও ডায়াগনোস্টিক সেন্টারের কর্মীদের সুসাস্থ্যের কথা চিন্তা করে নেওয়া হচ্ছে বিশেষ ব্যবস্থা। এছাড়াও ভিডিও কলের মাধ্যমে পরামর্শের ফলে ডাক্তাররা সুরক্ষিত থাকার পাশাপাশি তাদের বাসা থেকেই যে কোন জায়গার রোগীকে সেবা দিতে পারছেন।

২০২১ সালের প্রথম ৬ মাসে, ডিজিটাল হসপিটাল স্ত্রীরোগ, হৃদরোগ ও মেডিসিন বিশেষজ্ঞদের মাধ্যমে ৫ হাজারেরও বেশি কনসালটেশন দিয়েছে। এবং এই বিশেষজ্ঞ ডাক্তার বুথ চালু করার মাধ্যমে এই সেবাটি এখন আরও অনেক মানুষের কাছে পৌঁছে যাবে। ২০২১ সালের শেষে সবার জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিতে এবং স্বাস্থ্যসেবার ক্ষেত্রে ধনী-গরীব ও গ্রামাঞ্চল-শহরাঞ্চল ব্যবধান দূরীকরণে মোট ৩০টি বিশেষজ্ঞ ডাক্তার বুথ গাইবান্ধার পলাশবাড়ী, জামালপুরের মাদারগঞ্জ, খুলনার ডুমুরিয়া, দিনাজপুরের বিরাম্পুর ও কুমিল্লার বুড়িচং এর মতো বিভিন্ন এলাকায় চালু করা হচ্ছে। কেননা, সুস্বাস্থে সবারই অধিকার রয়েছে।

বর্তমানে ডিজিটাল হসপিটাল উপ-শহর ও থানা পর্যায়ে মানসম্মত স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে কাজ করছে। কিন্তু আগামীতে বিভিন্ন ইউনিয়ন ও চর এলাকায়ও ডিজিটাল হসপিটাল এর সেবা পৌঁছে দিবে। ডিজিটাল হসপিটাল বিশ্বাস করে, ইউনিভার্সাল হেলথ কাভারেজ (ইউএইচসি) সবার অধিকার এবং এই লক্ষ্য বাস্তবায়নে প্রতিষ্ঠানটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ডিজিটাল হেলথকেয়ার সলিউশান্সের সিসিও অ্যান্ড্রু স্মিথ বলেন, “বাংলাদেশের বেশিরভাগ মানুষেরই বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নেওয়ার জন্য ঢাকায় আসতে অনেক লম্বা ও ব্যয়বহুল সফর করতে হয়। কিন্তু আমরা এখন এই বিশেষজ্ঞ ডাক্তারদের তাদের বাসার কাছের ডায়াগনোস্টিক সেন্টারে কিংবা ফার্মেসিতে নিয়ে যাচ্ছি। ফলে, এখন অনেক মানুষই খুব সহজেই বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নিতে পারবেন। পাশাপাশি, ডিজিটাল হসপিটালের এই উদ্যোগ সরকারের ডিজিটাল বাংলাদেশ তৈরির ক্ষেত্রেও একটি বিশেষ ভুমিকা রাখবে।” অক্টোবরের শেষের দিকে ২০ এরও বেশি বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তাররা পার্টনার ডিজিটাল হেলথ সেন্টার কিংবা ডিজিটাল হসপিটাল অ্যাপের সাথে যুক্ত হবেন। বিস্তারিত জানতে কল করুন ০৮০০০১১১০০০ (টোল-ফ্রি)।

– প্রেস বিজ্ঞপ্তি

মেহেরপুরে থেমে নেই ফসলের সাথে শত্রুতা

মেহেরপুর জেলায় থেমে নেই ফসলের সাথে শত্রুতা ইসলামপুরের দূর্জয় শেখের ৩৫ কাঠা ফলন্ত করলা ও লাউ গাছ কেটে দিয়েছে দৃর্বত্তরা

মেহেরপুর জেলার মুজিবনগর, গাংনী ও সদর উপজেলায় মানুষকে জব্দকরার জন্য ফসল নষ্ট করার নতুন কৌশল বেছে কিছু মানুষ নামের অমানুষ। থামছে না ফসলের সাথে এই শত্রুতা।তার ধারাবাহিকতায় গত মঙ্গলবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী মেহেরপুর সদর উপজেলার, ইসলামপুর খালের মাঠে, ইসলামপুর গ্রামের জালাল শেখের ছেলে দূর্জয় শেখের ২২ কাঠা জমির ফলন্ত করলা ও ১৩ কাঠা জমির ফলন্ত লাউ গাছের মাচাসহ গাছ রাতের আধাঁরে কেটে দিয়েছে দৃর্বত্তরা। ক্ষতিগ্রস্হ কৃষক দুর্জয় শেখ জানান কারো সাথে আমার তেমন কোন শত্রুতা নেই।তবে মনে মনে হয়ত কেও আমাকে শত্রু ভাবে তারাই আমার এত বড় ক্ষতি করেছে। আমি একজন খেটে খাওয়া মানুষ জমিতে ফসল করে তা বিক্রি করে আমার সংসার চলে। এই করলা ও লাউ বিক্রি করে আমার দুই থেকে আড়ায় লক্ষ টাকা হত। এত বড় ক্ষতি কি ভাবে কাটিয়ে উঠব ভাবতে পারছি না। আমি চায় আমার যে ক্ষতি হয়ে এমন ক্ষতি যেন কোন কৃষকের না হয়।প্রশাসনের কাছে অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন এখনো কোন অভিযোগ করিনি তবে আগামীকাল থানায় একটি অভিযোগ করব বলে ভাবছি।

ট্রাকচাপায় ঘুমন্ত হেলপার নিহত

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় হেলপারের মৃত্যু হয়েছে। ট্রাক চালকের ভুলে সিদ্ধান্তে ট্রাকচাপায় মৃত্যু হয় ওই ট্রাকের হেলপার ইব্রাহিম হোসেনের(২২) ।

বৃহস্পতিবার সকাল দশটার দিকে চুয়াডাঙ্গা জেলা শহরের হাটকালুগঞ্জ এলাকার ইমরান ফিলিং স্টেশনের সামনে এ দুর্ঘটনা ঘটে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার গাইটঘাট গ্রামের রেলপাড়ার শরিফ উদ্দিনের ছেলে ইব্রাহীম হোসেন (২২)। তিনি ওই ট্রাকের চালকের সহকারী হিসেবে কর্মরত ছিলেন। খবর পাওয়া মাএ হাটকালুগন্জ থেকে থেকে ট্রাকটি ও চালক সাইদুল ইসলামকে আটক করে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, বুধবার রাতে ঢাকা থেকে মালবোঝাই ট্রাকটি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দিকে যাচ্ছিল। এ সময় ট্রাকচালকের ঘুম পেলে ইমরান ফিলিং স্টেশন সামনে গাড়িটি রাখেন চালক। পরে চালক সাইদুল ইসলাম ট্রাকের ভেতরে আর হেলপার ইব্রাহিম হোসেন ট্রাকের নিচে বিছানা পেতে ঘুমিয়ে পড়েন। সকালে চালকের ঘুম ভাঙলে তিনি ট্রাকটি চালু করে সামনে নিতে গেলে ইব্রাহীম ঘুমন্ত অবস্থায় চাকার নিচে পিষ্ট হন। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহতের লাশ উদ্ধার করে থানায় নেয় পুলিশ। এ সময় আটক করা হয় ট্রাকচালক সহিদুলকে। জব্দ করা হয় ট্রাকটি। এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ খান জানান, নিহতের লাশের সুরতহাল রিপোর্ট তৈরি করা হয়েছে। কোনো অভিযোগ না থাকায় নিহতের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। ওই ঘটনায় ট্রাকচালককেও মুক্তি দেওয়া হয়েছে বলে জানান তিনি।

দামুড়হুদা হাজী আলী আজগার টগর

এমপি’র জন্মবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় আঃ রহমান জসিম ব্লাড ডোনেট ক্লাবের পক্ষে চুয়াডাঙ্গা
- ২ আসনের মাননীয় সাংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী আলী আজগার টগর (এমপি)’র জন্মবার্ষিকী পালন, আলোচনা সভা ও মাস্ক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে বুধবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের ডাকবাংলো চত্বরে অনুষ্ঠানটির আয়োজন করেন প্রতিষ্ঠানটির পরিচালক প্রবাসী আব্দুল রহমান জসিম।

প্রতিষ্ঠানটির সাধারণ সম্পাদক মানিক হোসেনের সভাপতিত্বে জন্মবার্ষিকী পালনে আলোচনা সভা ও মাস্ক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ৩০ পাউন্ড কেকে কেটে অনুষ্ঠানটির সূচনা করা হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার কৃষক সংগঠন (সিআইজি) সভাপতি সামসুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাকিব ফাউন্ডেশন এর পরিচালক আরজু আহাম্মেদ রাকিব। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের নাহিদ, শিপন, রকিবুল, পারভেজ, সবুজ, পরশ, রুহান, আইনাল, লাবীব, শামীম, মুন্না, জুনাইদ, অন্তর, ঐশিক, অভি, তুষার,ইব্রাহীম, আতিয়ার, মহসিন, হাসিব, পাপ্পু, বিপ্লব, আলামিন।

অনুষ্ঠানে প্রধান অতিথি সামসুল ইসলাম তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, মাননীয় সাংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি’র রাজনৈতিক পরিবারে জন্ম হওয়ায় ছাত্রজীবন থেকেই তিনি প্রত্যক্ষভাবে রাজনীতির সঙ্গে জড়িত। তিনি ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ছিলেন। জনপ্রিয়তার কারণে আমাদের নির্বাচনী এলাকা চুয়াডাঙ্গা -২(দামুড়হুদা – জীবননগর) আসনে টানা তিন বারের মতো সাংসদ সদস্য এমপি নির্বাচীত হয়েছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি আরজু আহাম্মেদ রাকিব বলেন,মাননীয় সাংসদ সদস্য’র দুরদর্শী নেতৃত্ব ও সুদুর প্রসারী কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মধ্য দিয়ে তিনি তার নির্বাচনী এলাকা চুয়াডাঙ্গা- ২ আসনকে সার্বিক উন্নয়নে এগিয়ে নিয়ে যাচ্ছেন। অনুষ্ঠান শেষে হাজী আলী আজগার টগর এমপি’র জন্মবার্ষিকী উদযাপন পালন, আলোচনা সভা ও করোনা সংক্রমণ প্রতিরোধে উপজেলা সদরের বিভিন্ন স্থানে পথচারী, ভ্যান ও অটো চালকদের মধ্যে প্রায় দু শতাধিক মাস্ক বিতরণ করা হয়।